রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, মার্চ ৮, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**
**উন্নয়ন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ ফাল্গুন ১৪২৬/২৫ ফেব্রুয়ারি ২০২০

**নং ৪৮.০০.০০০০.০০৫.১৬.০০২.২০-৩৩**—মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে বাস্তবায়নের জন্য প্রস্তাবিত "অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিতব্য বাসস্থান বরাদ্দ প্রদান এবং নির্মাণ কার্যক্রম সম্পাদনের জন্য নিম্নরূপে কমিটি গঠন করা হলো :

**(ক) আবাসন বরাদ্দের জন্য সুবিধাভোগী নির্বাচন বিষয়ক কমিটি**

আবাসন বরাদ্দের নিমিত্ত সুবিধাভোগী [বীর মুক্তিযোদ্ধা, শহীদ/প্রয়াত মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী/সন্তান/পিতা-মাতা (প্রযোজ্য ক্ষেত্রে)] নির্বাচনের উদ্দেশ্যে উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে বাছাই কমিটি :

| | | |
|---|---|---|
| (১) | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| (২) | স্থানীয় মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত একজন বীর মুক্তিযোদ্ধা প্রতিনিধি | সদস্য |
| (৩) | নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার [যদি না থাকে, সেক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত) একজন বীর মুক্তিযোদ্ধা] | সদস্য |
| (৪) | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) | সদস্য |
| (৫) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি :**

(এ) অসচ্ছল/ভূমিহীন বীর মুক্তিযোদ্ধা, শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তানের (প্রযোজ্য ক্ষেত্রে) নামে বাসস্থান বরাদ্দের নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক সংশ্লিষ্ট এলাকার বীর মুক্তিযোদ্ধা/সংশ্লিষ্টদের নিকট থেকে নির্ধারিত ছকে আবেদনপত্র আহ্বান।

(বি) আবাসন বরাদ্দের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্ধারিত নির্দেশিকা মোতাবেক উপজেলাভিত্তিক প্রাপ্যতা এবং অগ্রাধিকারসহ অন্যান্য বিষয়াদি (যোগ্যতা, অযোগ্যতা ইত্যাদি) বিবেচনাপূর্বক আবাসন বরাদ্দ বিষয়ক সুপারিশসহ প্রতিবেদন (নির্ধারিত ছকে সকল তথ্য ও সুপারিশসহ, কোনো আপিল থাকলে তা নিষ্পত্তির পর) জেলা প্রশাসকের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ।

(সি) আবাসন বরাদ্দের ক্ষেত্রে সুপারিশকৃত কোনো বীর মুক্তিযোদ্ধার বিরুদ্ধে যদি কোনো আপিল না থাকে তাহলে তার বিপরীতে আবাসন বরাদ্দের সুপারিশ সরাসরি জেলা প্রশাসকের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ।

**(খ) সুবিধাভোগী নির্বাচন বিষয়ক আপিল কমিটি**

(i) জেলা পর্যায় :

| | | |
|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | সভাপতি |
| (২) | নির্বাচিত জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার [যদি না থাকে, সেক্ষেত্রে- জেলা প্রশাসক কর্তৃক মনোনীত (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত) একজন বীর মুক্তিযোদ্ধা] | সদস্য |
| (৩) | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | সদস্য-সচিব |

**কার্যপরিধি :**

(এ) উপজেলা পর্যায়ে গঠিত আবাসন বরাদ্দ কমিটির আবাসন বরাদ্দ প্রদানের ক্ষেত্রে কোনো ভুল/অসংগতি হলে বীর মুক্তিযোদ্ধা/পরিবারের নিকট থেকে (সভাপতি বরাবর, নির্ধারিত ছকে তথ্য প্রমাণকসহ) আপিল গ্রহণ;

(বি) আপিল বিষয়ে সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ।

(ii) বিভাগ পর্যায় (চূড়ান্ত আপিল)

কমিশনার, সংশ্লিষ্ট বিভাগ

**কার্যপরিধি :**

জেলা পর্যায়ে গঠিত আপিল কমিটির সিদ্ধান্তের বিপরীতে বীর মুক্তিযোদ্ধা/পরিবারের নিকট হতে আপিল গ্রহণ এবং সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত জেলা প্রশাসকের নিকট প্রেরণ।

**(গ) উপজেলা পর্যায়ে আবাসন নির্মাণ/বাস্তবায়ন কমিটি :**

| | | |
|---|---|---|
| (১) | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| (২) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত একজন বীর মুক্তিযোদ্ধা প্রতিনিধি (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত বীর মুক্তিযোদ্ধা) | সদস্য |
| (৩) | বরাদ্দপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা বা উত্তরাধিকার হিসেবে আবেদনকারী | সদস্য |
| (৪) | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| (৫) | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (PIO) | সদস্য-সচিব |

**কার্যপরিধি :**

(এ) সরকার কর্তৃক অনুমোদিত নকশা ও প্রাক্কলন অনুযায়ী সরকারি আর্থিক বিধি-বিধান (সমস্ত ক্রয়ের ক্ষেত্রে ৩নং সদস্য অর্থাৎ বরাদ্দপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা/আবেদনকারীর স্বাক্ষর গ্রহণসহ) অনুসরণপূর্বক আবাসন নির্মাণ;

(বি) যাবতীয় বিল-ভাউচার অডিটের জন্য সংরক্ষণ এবং যে কোনো প্রকার আর্থিক অসংগতির জন্য দায়-দায়িত্ব গ্রহণ।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. সৈয়দ শাহজাহান আহমেদ**
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd